

এডুকেশন ওয়ার্ল্ড ফোরামে শিক্ষামন্ত্রী

‘ওয়ান টিচার, ওয়ান ট্যাব’ শিক্ষকদের প্রযুক্তিগতভাবে দক্ষ করে তুলবে

নিজস্ব প্রতিবেদক

প্রকাশ: ২০ মে, ২০২৬ ১৯:৪২



সরকারের ‘ওয়ান টিচার, ওয়ান ট্যাব’ উদ্যোগের কথা উল্লেখ করে শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, ‘এই উদ্যোগ শিক্ষকদের প্রযুক্তিগতভাবে

আরো দক্ষ করে তুলবে। কৃত্রিম বুদ্ধিমত্তাসহ সব আধুনিক প্রযুক্তি শিক্ষকদের সহায়ক হতে হবে।

এসব প্রযুক্তি শিক্ষার্থীদের সহযোগিতা করতে এবং শিক্ষার মান উন্নত করতে ব্যবহার করতে হবে। পাশাপাশি প্রযুক্তি যেন বৈষম্য কমানোর পরিবর্তে বৈষম্য বৃদ্ধি না করে, সেদিকে লক্ষ রাখতে হবে।’

বুধবার (২০ মে) যুক্তরাজ্যের লন্ডনে কুইন এলিজাবেথ-২ সেন্টারে এডুকেশন ওয়ার্ল্ড ফোরাম-২০২৬-এর প্লেনারি সেশনে এসব কথা বলেন তিনি। এটি সারা বিশ্বের শিক্ষামন্ত্রীদের সবচেয়ে বড় বার্ষিক সমাবেশ।

এ বছর বিশ্বের প্রায় ১৫০টি দেশের মন্ত্রী এই ফোরামে অংশ নিয়েছেন।

এহছানুল হক মিলন বলেন, ‘দীর্ঘদিন অগণতান্ত্রিক শাসনের পর বাংলাদেশ আবার গণতন্ত্রের পথে ফিরেছে। জনগণের বিপুল সমর্থনের মাধ্যমে বিজয়ী হয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে আমরা সরকার গঠন করেছি। এই জনসমর্থন আমাদের শিক্ষাক্ষেত্রে অর্থবহ পরিবর্তনের গুরুদায়িত্ব প্রদান করেছে।

জনগণের এই সমর্থন এটাই বার্তা দেয়, শিক্ষাক্ষেত্রে অবশ্যই গুণগত পরিবর্তন আনতে হবে। এই পরিবর্তন শুধু তরুণদের শিক্ষিত করা নয়, বরং তাদের কর্মক্ষেত্রে যোগ্য হিসেবে গড়ে তোলা। এ ক্ষেত্রে এমন পরিবর্তন আনতে হবে, যাতে শিক্ষার্থীরা শুধু পরীক্ষায় উত্তীর্ণ না

হয়ে দক্ষতা, আত্মবিশ্বাস, সৃজনশীলতা ও মূল্যবোধ
অর্জন করতে সক্ষম হয়। পাশাপাশি এই শিক্ষা অর্জন
যেন চাকরি, উদ্যোক্তা সৃষ্টি, উদ্ভাবন ও মর্যাদা অর্জনের
পথ তৈরি করতে পারে।’

আনন্দের সঙ্গে শিক্ষা গ্রহণের ওপর গুরুত্ব দিয়ে তিনি
বলেন, ‘শিক্ষার্থীদের জন্য আনন্দের সঙ্গে শেখার
পরিবেশ তৈরি করতে হবে।

মুখস্থ করার প্রবণতা থেকে বেরিয়ে এসে কৌতূহল,
সৃজনশীলতা, সমস্যা সমাধান, মূল্যবোধ, খেলাধুলা,
সংস্কৃতি ও মানসিক দৃঢ়তা গড়ে তোলার দিকে মনোযোগ
দিতে হবে।’

মন্ত্রী শিক্ষাক্ষেত্রে বাংলাদেশের পরিকল্পনার কথা তুলে
ধরে বলেন, তৃতীয় ভাষা শিক্ষার প্রসার, মাধ্যমিক স্তরে
কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সংযোজন, স্কুল ফিডিং (মিড
ডে মিল) কর্মসূচি সম্প্রসারণ, শিক্ষার্থীদের ইউনিফর্ম,

জুতা ও ব্যাগ সরবরাহ এবং ধীরে ধীরে শিক্ষা খাতে
জিডিপি ৫ শতাংশ বিনিয়োগ বৃদ্ধিসহ সরকার বিভিন্ন
পদক্ষেপ গ্রহণ করেছে।

ব্রিটিশ কাউন্সিলের উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বৈঠক

লন্ডনের কুইন এলিজাবেথ-২ সেন্টারে শিক্ষাশিক্ষা
এহছানুল হক মিলনের সঙ্গে ব্রিটিশ কাউন্সিলের উর্ধ্বতন
কর্মকর্তারা বৈঠক করেছেন। এডুকেশন ওয়ার্ল্ড
ফোরামের সাইডলাইনে এ বৈঠক হয়।

ব্রিটিশ কাউন্সিলের গ্রোথ মার্কেট বিভাগের পরিচালক
হ্যারিয়েট গার্ডনার ও বাংলাদেশে ব্রিটিশ কাউন্সিলের
কান্ট্রি ডিরেক্টর স্টিফেন ফোর্বস বৈঠকে অংশ নেন। এ
সময় প্রধানমন্ত্রীর শিক্ষা উপদেষ্টা মাহ্দি আমিন উপস্থিত
ছিলেন।

বৈঠকে ব্রিটিশ কাউন্সিলের পক্ষ থেকে ভবিষ্যতে
বাংলাদেশ সরকারকে সহযোগিতার সম্ভাব্য ক্ষেত্রগুলোর
বিষয়ে অবহিত করা হয়। এ সময় ইংরেজি পাঠ্যক্রম
পরিমার্জন, শিক্ষকদের পেশাগত উন্নয়ন জোরদার করা,
মূল্যায়ন প্রক্রিয়া উন্নত করা এবং বাংলা মাধ্যম ও
ইংরেজি মাধ্যমের পাঠ্যক্রমের মধ্যে আরো সামঞ্জস্য
প্রতিষ্ঠার বিষয়ের গুরুত্বারোপ করা হয়।